# Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 17 May, 2025

রাজধানীর উত্তরা থেকে বরিশাল মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি ও বরিশাল-৫ (মহানগর-সদর) আসনের সাবেক সংসদ সদস্য জেবুন্নেছা আফরোজকে গ্রেপ্তার করেছে র‍্যাব-১।

শনিবার (১৭ মে) ডিবির যুগ্ম কমিশনার মোহাম্মদ নাসিরুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গতকাল রাতে র‍্যাব-১ তাকে গ্রেপ্তার করে ডিবির কাছে হস্তান্তর করে। পরে গুলশান বিভাগের তার বিরুদ্ধে মামলা থাকায় আমরা গুলশান বিভাগের পুলিশের কাছে তাকে হস্তান্তর করেছি।

জানা যায়, ২০১৪ সালের ৯ এপ্রিল তৎকালীন সংসদ সদস্য শওকত হোসেন হিরণ মৃত্যুবরণ করলে তার স্ত্রী জেবুন্নেছা আফরোজ বরিশাল- ৫ (মহানগর-সদর) আসনে সংসদ সদস্য নির্বাচিত হন।৫ আগস্টের পর বরিশালে দায়ের হওয়া একাধিক মামলায় তাকে আসামি করা হয়।

র‍্যাব গ্রেপ্তার আওয়ামী লীগ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:14

URL: https://www.timestodaybd.com/public/barishal/2348922598